দর্শনায় জয় বাংলা লেখা বোমা সদৃশ্য বস্তু উদ্ধার

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন কুড়ালগাছি রাইসা বিলের মৎস্য অবতরণ কেন্দ্রের সামনে থেকে জয় বাংলা লেখা লাল টেপ দিয়ে মোড়ানো একটি বোমা সদৃশ্য বস্তু উদ্ধার করেছে পুলিশ।

বুধবার (২৪ জুন) বেলা ১১ টার দিকে বোমাটি উদ্ধার করে বালতির পানিতে চুবিয়ে রাখে পুলিশ।

পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা যায়, বুধবার সকালে উপজেলার কুড়ালগাছি রাইসা বিলের মৎস্য অবতরণ কেন্দ্রের সামনে জয় বাংলা লেখা লাল টেপ দিয়ে মোড়ানো একটি বোমা সদৃশ্য বস্তু দেখতে পায় বিলের মৎস্যজীবী সমিতির সদস্যরা। এরপর দর্শনা থানা পুলিশের খবর দেয়।

খবর পেয়ে দর্শনা থানার ওসি নজরুল ইসলাম সঙ্গীয় ফোর্স সহ ঘটনাস্থলে পৌঁছিয়ে বোমাটি উদ্ধার করে বালতির পানিতে চুবিয়ে রাখে।

বিলের সদস্য ও দর্শনা থানা বিএনপির সাংগঠনিক সম্পাদক মুহিত মিয়া জানান, দুষ্কৃতিকারীরা আতঙ্ক সৃষ্টি করার জন্য এই ঘটনা ঘটাতে পারে বলে ধারণ করা হচ্ছে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, কে বা কাহারা বোমা সদৃশ্য বস্তু ঘটনাস্থলে রেখেছে জানা যায়নি। তবে তদন্ত-পূর্ব আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি জানান।